গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালীর, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৬৬.১৯/ তাং----------------------- /১৪২৮বঙ্গাব্দ।
/২০২১খ্রীষ্টাব্দ।

## বিজ্ঞপ্তি

যেহেতু, জনাব মোছাঃ সেলিনা আক্তার, পিতা-মোঃ মজির উদ্দিন, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বোরহান উদ্দিন, ভোলা গত ২৫/০৫/২০১৩খ্রিঃ তারিখ সরকারি চাকরিতে যোগদান করার পর ০৭/১০/২০১৩খ্রিঃ তারিখ এক দিনের ডে-অফ নিয়ে কর্মস্থল ত্যাগ করেন। ডে-অফ ভোগ শেষে তিনি কর্মস্থলে যোগদান করেন নি বা কর্তৃপক্ষের সাথেও কোন প্রকার যোগাযোগ করেন নি। তার স্থানীয় কর্তৃপক্ষ তাকে কর্মস্থলে যোগদানের জন্য ১৩/১০/২০১৩খ্রিঃ ও ২৭/১০/২০১৩খ্রি তারিখের পত্র মারফত নির্দেশ প্রদান করেন্। তিনি কর্মস্থলে যোগদান না করে ০৮/১০/২০১৩খ্রিঃ তারিখ হতে ২২/০১/২০১৭খ্রিঃ তারিখ পর্যন্ত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থেকে ২৩/০১/২০১৭খ্রিঃ তারিখ অসুস্থ্যতার কারণ জানিয়ে কর্তব্য কাজে যোগদানপত্র দাখিল করেন মর্মে তার স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ২৩/০১/২০১৭খ্রিঃ তারিখের উপঃ/স্বাঃ/কমঃ/বোরঃ/১৭/৫১ নং স্মারকে অভিযোগ প্রেরণ করা হয়। এতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচারণের দায়ে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগ বিবরণীসহ অভিযোগনামা ২১/০৮/২০১৭খ্রিঃ তারিখের ডিজিএনএম/শা-১/১স-২১৫৫/২০১৩/৪৪০৬ নং স্মারকে তার ঠিকানায় প্রেরণ করা হয়।

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামার কারণ দর্শানোর নোটিশের প্রেক্ষিতে ১৪/০৯/২০১৭খ্রিঃ তারিখ দাখিলকৃত জবাব মোতাবেক ০৪/০১/২০১৮খ্রিঃ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়।

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার ব্যক্তিগত শুনানীর বক্তব্য সন্তোষজনক নয় বিধায় দায়েরকৃত বিভাগীয় মামলাটি তদন্তের জন্য ১৯/০৪/২০১৮খ্রিঃ তারিখের ডিজিএনএম/শা-১/১হ-২১৫৫/২০১৩/১৪৩ নং স্মারকে একটি তদন্ত বোর্ড গঠন করা হয়।

৪। যেহেতু, তদন্ত বোর্ডের ২৪/০৪/২০১৯খ্রিঃ তারিখ দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচারণের দায়ে তিনি দোষী প্রমাণিত হয়েছেন।

৫। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ সালের ৩(বি) বিধি অনুযায়ী অসদাচারণেন দায়ে দোষী সাব্যস্ত হওয়ায় তাকে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী "সরকারি চাকরি হতে বরখাস্ত" (Dismissal) কারার গ্রহণকৃত সিদ্ধান্ত ১১/০৯/২০১৯খিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৬৬ .১৯/৩৫৯ নং স্মারকে তাকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জরীপূর্বক অবহিত করা হয় এবং কেন তাকে সরকারি চাকরি হতে বরখাস্ত করা হবে না তার জবাব একই বিধির ৭(৬) বিধি মোতাবেক প্রেরণ করার জন্য উক্ত ২য় কারণ দর্শানোর নোটিশ তার ঠিকানায় প্রেরণ করা হয়।

৬। যেহেতু, অভিযুক্তকে তার ঠিকানয় পাওয়া না যাওয়ার কারণে উক্ত দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ এ অধিদপ্তরে ফেরৎ পাওয়া যায়। উক্ত দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব যথাসময়ে প্রেরণ না করে দীর্ঘ দিন পর তার ২১/০৭/২০২০খ্রিঃ তারিখ দাখিলকৃত জবাব গ্রহণযোগ্য নয় বিধায় তাকে গুরুদন্ড হিসেবে সরকারি চাকরি থেকে বরখাস্ত করার নিমিত্ত বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকার মতামত গ্রহণের জন্য এ অধিদপ্তরের ২৪/০১/২০২১খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৬৬.১৯/৫৬ নং স্মারকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

৭। যেহেতু, স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকার ১৭/০৬/২০২১খ্রিঃ তারিখের ৪৫.০০.০০০০.১৭৩.২৭ .১১২.১৯-৩৩ নং স্মারকে প্রেরিত বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকার ৩১/০৫/২০২১খ্রিঃ তারিখের ৮০.০০.০০০০ .১০৭.৩৪.০০২.২১-৩১৬ নং স্মারকের মতামতের প্রেক্ষিতে জনাব মোছাঃ সেলিনা আক্তার, পিতা-মোঃ মজির উদ্দিন, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বোরহান উদ্দিন, ভোলা-কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা,২০১৮ এর ৩(খ) বিধির আওতায় অসদাচারণের অভিযোগে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী গুরুদন্ড হিসেবে "সরকারি চাকরি হতে বরখাস্ত" (Dismissal) করার সিদ্ধান্তের সাথে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা কর্তৃক একমত পোষণ করা হয়েছে।

৮। সেহেতু, এক্ষনে বিভাগীয় মামলা সংক্রান্ত সকল কাগজপত্রাদি পর্যালোচনান্তে এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকার মতামতের ভিত্তিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগের নির্দেশনার প্রেক্ষিতে জনাব মোছাঃ সেলিনা আক্তার, পিতা-মোঃ মজির উদ্দিন, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বোরহান উদ্দিন, ভোলা-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(বি) বিধি অনুযায়ী **অসদচরণের অভিযোগের** দায়ে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক তাকে গুরুদন্ড অর্থাৎ **"সরকারি চাকরি হতে বরখাস্ত (Dismissal)"** করা হলো।

(স্বাক্ষরিত)

(সিদ্দিকা আক্তার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd

অঃপৃঃদ্রঃ

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৬৬.১৯/ ৮০৭/১(১৩)

৩৭/৪ /১৪২৮বঙ্গাব্দ।
তাং
০১/০৫ /২০২১খ্রীষ্টাব্দ।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়);

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব(নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সিভির সার্জন, ভোলা।
৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বোরহান উদ্দিন, ভোলা।
৭। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বোরহান উদ্দিন, ভোলা।
৮। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এ বিজ্ঞপ্তিটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৯। জেলা পাবলিক হেল্থ নার্স, সিভির সার্জন অফিস, ভোলা।
১০। জনাব মোছাঃ সেলিনা আক্তার, পিতা-মোঃ মজির উদ্দিন, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বোরহান উদ্দিন, ভোলা।
১১। জনাব মোছাঃ সেলিনা আক্তার, পিতা-মোঃ মজির উদ্দিন, সিনিয়র স্টাফ নার্স, গ্রামঃ হিজল বাড়ীয়া, পোঃ ভাট পাড়া, উপজেলা/থানাঃ গাংনী, জেলাঃ মেহেরপুর।
১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৩। অফিস কপি।

(সিদ্দিকা আক্তার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,
মহাখালী, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd.